দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 1 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

106

## বিধি বহির্ভূতভাবে সহকারী প্রধান শিক্ষিকা নিয়োগ প্রসঙ্গে

বরিশাল জেলার গৌরনদী উপজেলাধীন নলচিড়া ইউনিয়নের কান্ডপাশা উচ্চ বালিকা বিদ্যালয় এমপিওভুক্ত হওয়ার পর ৩০/৪/৯৯ তারিখে বরিশাল বিভাগের দৈনিক আজকের বার্তায় উক্ত বিদ্যালয়ের জন্য সহকারী প্রধান শিক্ষিকা পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয় এবং যোগ্যতা চাওয়া হয় বিএডসহ স্নাতক ডিগ্রী। উক্ত পদের বিপরীতে ৬ জন প্রার্থিনী গত ৮/৫/৯৯ তারিখে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিখিত পরীক্ষায় একজন প্রথম স্থান অধিকার করেন। ২য় শ্রেণীতে স্নাতকসহ বিএড সম্পন্ন করিয়াছেন এবং সরকার অনুমোদিত একটি উচ্চ বালিকা বিদ্যালয়ে সহকারী শিক্ষিকা হিসাবে ৮ বৎসর যাবৎ কর্মরত আছেন। কিন্তু তাঁহার পরিবর্তে অনভিজ্ঞ বিএডবিহীন অন্য এক মহিলাকে নিয়োগ দেওয়া হয়। উল্লেখ্য, উক্ত নিয়োগপ্রাপ্ত মহিলার তুলনায় অধিক যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আরও কয়েকজন মহিলা লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারী স্কুল নিয়োগ বিধিতে উল্লেখ আছে "সহকারী প্রধান শিক্ষিকা পদে নিয়োগ প্রদান করিতে হইলে ন্যূনতম বিএডসহ ৮ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।" এক্ষেত্রে বিএডসহ ৮ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষিকা পাওয়া সত্ত্বেও কেন বিএডবিহীন অনভিজ্ঞ একজনকে সহকারী প্রধান শিক্ষিকা পদে নিয়োগ প্রদান করা হইল তাহা আমাদের বোধগম্য নহে। এভাবে উপযুক্ত শিক্ষকের অভাবে শিক্ষার পরিবেশ এবং মর্যাদা ক্ষুণ্ন হইতেছে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।